



**হুমায়ুন রশিদ চৌধুরী
জাতিসংঘ শান্তি
পুরস্কারে ভূষিত**

॥ কূটনৈতিক রিপোর্টার ॥
পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশিদ চৌধুরীকে গতকাল (মঙ্গলবার) ঢাকায় এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে জাতিসংঘ শান্তি পুরস্কার ৮৬ প্রদান করা হইয়াছে। বিশ্বের ৬৩ জন ব্যক্তি এই পুরস্কার (শেষ পৃঃ ৮-এর কঃ দঃ)

শান্তি পুরস্কারে ভূষিত

(১ম পৃঃ পর)

লাভ করিয়াছেন। জাতিসংঘের মহাসচিব হাভিয়ান পেরেজ জা কুয়েলারের পক্ষ হইতে ঢাকায় জাতিসংঘে তথ্য কেন্দ্রের পরিচালক খালেদ খালি আনুষ্ঠানিক ভাবে এই পদক হস্তান্তর করেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব স্ট্যাটেজিক স্টাডিজের সম্মেলন কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাবেক পররাষ্ট্র মন্ত্রী প্রফেসর শামসুল হক। অনুষ্ঠানে বক্তৃতা করেন বাংলা-দেশ জাতিসংঘ সমিতির সাধারণ সম্পাদক সৈয়দ আহমদ হোসেন ও খালেদ খালি।

বিশ্ব শান্তি প্রতিষ্ঠার বিশেষ করিয়া বাংলাদেশে শান্তি বর্ষ পালনে পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশিদ চৌধুরীর ব্যক্তিগত অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁহাকে এই পদক দেওয়া হয়। পররাষ্ট্র-মন্ত্রী আন্তর্জাতিক শান্তি বর্ষ পালন সংক্রান্ত বাংলাদেশের জাতীয় কমিটির চেয়ারম্যান ছিলেন। পররাষ্ট্রমন্ত্রী পদক গ্রহণের পর সংক্ষিপ্ত ভাষণে বলেন, এই পদক বিশ্ব শান্তি প্রতিষ্ঠার উত্তোগকে আরো বিপুলভাবে উৎসাহিত করিবে। তিনি বলেন, এই পদক তাঁহার নহে। এই পদক বাংলা-দেশের জনগণের। ইহা হইতে স্পষ্ট প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে পররাষ্ট্রনীতি সঠিক পথে পরিচালিত হইতেছে। প্রফেসর শামসুল হক বলেন, বিশ্ব যেরূপে অগ্র প্রতিযোগিতার সন্মুখীন সে সময় শান্তির প্রয়াস অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতিসংঘের এ উত্তোগ এজুটই বিশ্বে সমাদৃত হইয়াছে এবং শান্তি প্রতিষ্ঠার পথকে সুগম করিয়াছে।

মিঃ খালেদ খালি বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের ভূমিকার প্রশংসা করিয়া বলেন : বাংলা-দেশ সব সময়ই জাতিসংঘ সন-দের প্রতি পূর্ণ আস্থাশীল। সৈয়দ আহমদ হোসেন বলেন : ঢাকায় জাতিসংঘ সমিতি অত্যন্ত গবিত যে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এই পদক লাভ করিয়াছেন। ইহাতে বিশ্বে বাংলাদেশের সুনাম আরও বৃদ্ধি পাইবে বলিয়া তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে কূটনৈতিক পদস্থ কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তি বর্গ উপস্থিত ছিলেন।

6